

আনপরা বাবাজী মদন ঠাকুরের 'ভূঁষণ্ডি-দর্শন'  
ক B তা

।। দলীয় ভি,সির গরেদশা।।

--দীন মুহম্মদ মানিক।

দলীয় ভিসির উৎপাতে,  
চলেছিলাম পেটে-ভাতে।  
ছাত্র কোথায়,বিদ্যা কোথায়,  
খুজেছি রাস্তা-ফুটপাতে।

ভিসি হওয়া সহজ নয়,  
তেল মারাটা শিখতে হয়,  
ভাড়াই চালিত মিড়িয়াতে,  
তেল মারাতে জিততে হয়।

ভিসি একটি উপগ্রহ,  
সূর্য-আলোয় আলোকিত।  
কখন বন্ধ হবে আলো,  
এই ভয়েতে থাকে ভীত।

মনিবের পোষা 'ক্যাডার' বাহিনি,  
'হল' দখল আর বহিষ্কার।  
দলীয় ভি,সি, অন্ধ-বধির,  
কিছুই তাহার নাই করার।

সীট প্রাপ্তির সব ক্ষমতা  
ক্ষমতা-লেজুড় ছাত্রদের।  
দল-ভারীতে 'আব্বরী কল'  
উপহাসের পাত্রদের।

আবাসনের সমস্যাতে  
ছাত্র 'হলে' থাকতে হয়।  
মিছিল, মিটিং বাধ্য যেতে,  
ছাত্র জীবন অভিনয়।

মনিব বাহিনি নিশ্চিত নয়,  
ছাত্র-সংসদ হবে কিসে!  
ভিসি-গিরি নবায়ন হয়  
দলীয় ক্যাডার সুপারিশে।

ছাত্র নেতার ফাও খানাতে  
ফুটে গেছে 'ডাইনিং-হল'।  
গো-বেচেরা ছাত্রগুলোর  
ঝুপুড়ি-হোটেল, শেষ সম্বল।

নিয়োগ-নাটক প্রহসনে  
যোগ্যতা নয় মাপকাঠি।  
'তকমা' ছাড়া নাই ভরসা,

ইন্টারভিউ হয় মাটি।

শিক্ষকেরাও গোত্র-পৃথক,  
চিহ্নিত হয় 'লাল, নীলে'।  
প্রতিভারা মাঠে মারা,  
সঠিক থাকায় মন দিলে।

দলীয় ভি সি, 'করন কারক'  
মাথা যে নাই তার ঘাড়ে।  
কর্তৃত্বহীন – ক্ষমতাসীন,  
যেমন 'লেজে বাঘ নাড়ে'।

দেখে এলাম যুগে যুগে,  
দলীয় ভি সির হয়না হুঁস।  
ক্ষমতা সীনের লেজুড় ভিসি  
ক্ষমতা গেলে হয় যে 'টুস'।

জানাজানি : ১৭/০৮/২০২৪

কানাকানি : ০১৮১৯৮৬৩৮৮৮

টানাটানি : দলাক্ষদের কাজ...।

হানাহানি : হিংসা পতনের মূল।

মানামানি : ভাল লাগলে অন্যকেও লাগতে দিন।